

তারিখ 10 DEC. 1988
পৃষ্ঠা... ১... কলাম... ১...

নারায়ণগঞ্জে নকলে বাধা
দেওয়ায় হোমিও মেডিক্যাল
ছাত্রদের পরীক্ষা বর্জন

নারায়ণগঞ্জ সংবাদদাতার টেলি-
ফোন : নকল করিতে বাধা দেও-
য়ায় গতকাল (শনিবার) নারায়ণ-
গঞ্জ তানজীন হোমিওপ্যাথিক
মেডিক্যাল কলেজের প্রথম ও
তৃতীয় বর্ষের ছাত্র-ছাত্রীরা পরীক্ষা
বর্জন করে। পরীক্ষা বর্জনকারীরা
শহরে বিক্ষোভ মিছিল বাহির করে
ও পরে স্থানীয় প্রেসক্লাবের সামনে
প্রতিবাদ সমাবেশ করে। গত
বৃহস্পতিবার পরীক্ষার প্রথম দিনে
মোট ৮৬ জন পরীক্ষার্থীর মধ্যে
(শেষ পঃ ৬-এর কঃ প্রঃ)

নকলের সুযোগ

(১ম পৃষ্ঠার পর)

নকলের অভিযোগে ২৬ জনকেই
বহিষ্কার করার পর গতকাল পরী-
ক্ষার্থীরা পরীক্ষার জন্য বসিয়াই
পরিদর্শকদের নিকট 'কডাকডি' না
করার দাবী জানায়। পরবর্তীতে
পরীক্ষার্থীরা কেন্দ্রে হইতে বাহির
হইয়া যায়। পরীক্ষা বর্জনকারী
ছাত্র-ছাত্রীদের পক্ষ হইতে এক
প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, জনৈক
সরকারী কর্মকর্তার অসদাচরণ
ও বৃহস্পতিবার ২৬ জনকে
বহিষ্কার করার কারণেই তাহারা
পরীক্ষা বর্জন করে।